শপথ গ্রহণের মধ্য দিয়ে মুজিবনগর প্রেসক্লাবের নতুন কমিটির যাত্রা শুরু

মুজিবনগরে মাটিতে এই প্রথম সদস্যদের শপথ গ্রহণের মধ্য দিয়ে ঐতিহাসিক মুজিবনগরের একমাত্র সাংবাদিকদের সংগঠন মুজিবনগর প্রেসক্লাবের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে।

মুজিবনগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের গণপূর্ত রেস্ট হাউসে আজ সোমবার দিনব্যাপী এক উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে সকল সদস্য সম্মতিক্রমে মুন্সি ওমর ফারুক প্রিন্সকে পুনরায় সভাপতি ও ভোরের কাগজের ও মেহেরপুর প্রতিদিন এর মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শের খান) কে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কমিটি ঘোষনা করেন।

মেহেরপুর প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি জৈষ্ঠ সাংবাদিক রুহুল কুদ্দুস টিটো উপস্থিত থেকে সকল সদস্যদের শপথ বাক্য পাঠ করান ।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি দৈনিক সংগ্রাম প্রতিনিধি খাইরুল বাশার, সাংগঠনিক সম্পাদক নিউজ টোয়েন্টিফোর প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, কোষাধক্ষ্য মাথাভাঙ্গা ও যায়যায় দিন প্রতিনিধি শেখ শফিউদ্দিন, দপ্তর সম্পাদক জবাবদিহি প্রতিনিধি শাকিল রেজা।

নির্বাহী সদস্যরা হলেন, সময়ের সমীকরনের প্রতিনিধি সোহাগ মন্ডল, আকাশ খবরের প্রতিনিধি রেজাউল করিম, দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকার প্রতিনিধি জাহিদ হাসান, দৈনিক সত্য খবরের প্রতিনিধি তুহিন আলী।

এর আগে প্রথম সেশনে কমিটির বিলুপ্ত ঘোষণা করা হয় এবং সবার মতামত গ্রহন সাপেক্ষে নতুন কমিটি গঠন করা হয়। দুপুরের বিরতির পরে দ্বিতীয় সেশনে নতুন কমিটি ঘোষনা এবং শপথ গ্রহন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর প্রেসক্লাবের সদস্যদের সাথে ওসির আইনশৃঙ্খলা বিষয়ে আলোচনা

গত ৫ আগষ্ট ছাত্র আন্দোলনের মধ্যে দিয়ে শেখ হাসিনার পতনের পর মুজিবনগরে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলমের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন মুজিবনগর প্রেসক্লাবের সদস্যবৃন্দ।

আজ বুধবার দুপুরে মুজিবনগর থানার ওসির অফিস কক্ষে উপজেলার আইনশৃঙ্খলা সহ সার্বিক বিষয় নিয়ে মতবিনিময় করা হয়।

এ সময় দি টিচার প্রতিনিধি সাংবাদিক মুন্সি ওমর ফারুক প্রিন্স, দৈনিক সংগ্রাম এর প্রতিনিধি খায়রুল বাসার,ভোরের কাগজ প্রতিনিধি হাসান মুস্তাফিজুর রহমান,দৈনিক মাথাভাঙ্গা প্রতিনিধি শেখ শফি,জবাবদিহি প্রতিনিধি শাকিল রেজা,নিউজ ২৪ প্রতিনিধি ডালিম সানোয়ার,ইনক্লাব প্রতিনিধি এসএম ফিরোজুর রহমান বিজয়,সময়ের সমীকরন প্রতিনিধি সোহাগ মন্ডল,বাংলা ইনডিপেনডেন্ট প্রতিনিধি জাহিদ হাসান, আকাশ খবর প্রতিনিধি রেজাউল করিম উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের সৌজন্যে সাক্ষাৎ এ আইনসৃঙ্খলা বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ সাইফুল আলম বলেন, মুজিবনগরের মানুষ খুবই সুশীল এবং মার্জিত। বাংলাদেশের বিভিন্ন জায়গায় ৫ ই আগস্ট পরবর্তী অনেক বড় বড় সহিংস ঘটনা ঘটলেও মুজিবনগরে কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া তেমন বড় ধরনের কোন রকমের প্রাণহানিকর অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এজন্য তিনি মুজিবনগর এর সকল মানুষকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

তিনি আরো বলেন বর্তমানে মুজিবনগর আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ সকল পরিস্থিতি শান্ত রয়েছে। পুলিশ এলাকায় নিয়মিত টহল অব্যাহত রেখেছে।

এসময় উপজেলাকে সন্ত্রাস, মাদক মুক্ত করতে সাংবাদিকদের সহযোগিতা চান তিনি।